# লেফটেনান্ট জেনারেল ট্রাক

## ফরহাদ মজহার

গতকাল ছাত্র সংগ্রাম পরিষদের মিছিলে
তোমার আক্রমণ ছিল চোরাগুপ্তা
            কা পু রু ষ
পশ্চাতদেশ থেকে পরিচালিত ছিল তোমার হামলা
            কা পু রু ষ

গরগর গরগর গরগর করতে করতে
            পেছন থেকে
            ষাট মাইল বেগে

হ্যাঁ, ষাট মাইল বেগে এবং পেছন থেকে
পেছন থেকে এবং ষাট মাইল বেগে

আচমকা
তোমার নিষ্ঠুর ওজন–সর্বস্ব শরীর
আর খুনলিপ্সু চাকা
দুমড়ে মুচড়ে পিষে দিয়েছে একগুচ্ছ তারুণ্য

            পেছন থেকে এবং ষাট মাইল বেগে
            ষাট মাইল বেগে এবং পেছন থেকে
তুমি
ট্রাক
কাপুরুষ বেঈমান ট্রাক।



মনে আছে
তোমাকে প্রথম যেদিন দেখি
আমি তোমার মিলিটারীমার্কা চেহারায়
            ভীত হইনি একফোঁটা
তোমাকে ড্রাইভার স্টার্ট নেবার পর
তুমি কেঁপে উঠলে
থরথর থরথর থরথর থরথর....।

ভেবেছি এও এক ধরনের সংবেদনশীলতা
লোহা রাবার আর পেট্রোলের মিলমিশের মধ্যে
তুমিও একপ্রকার জীবন
কিন্তু গতকাল
তুমি যখন পিষে পিষে হত্যা করলে
তখন
হে থরথর থরথর থরথর থরথর করা
            আমার প্রথম দেখা ট্রাক
            তুমি একবার
                        একবারও তো
                                    থর থর থর করে উঠলে না?

তোমার চাকার তলায়
জড়িয়ে পেঁচিয়ে পেঁচিয়ে জড়িয়ে
কিমকার মাংসের পিণ্ডের মতো লেপ্টে গিয়েছিল
            তরতাজা শরীর
            তুমি একফোঁটাও কাঁপোনি
আমি জানতাম তোমার ভারী রাবারের টায়ারের মধ্যে আছে
            একপ্রকার স্পর্শকাতরতা

অথচ ফিন্‌কি দিয়ে ওঠা রক্তের উষ্ণতা তুমি টের পাওনি
আমি জানতাম
তোমার লৌহজাত শরীরের খনিজ ভঙ্গির মধ্যে আছে
একপ্রকার স্নায়বিক উদ্বেগ
অথচ অস্থি মজ্জা মাংসের ছত্রখান নিষ্পেষণে
তোমার উদ্বেগ বিচলিত হয়নি
তোমার হেডলাইটের চক্ষুর মধ্যে ছিল একপ্রকার
দৃষ্টিকাতর কমনীয়তা
অথচ তুমি একবারও কাতর হওনি
তোমার ইঞ্জিনে স্টিয়ারিংয়ে কারবুরেটরে
একপ্রকার স্পন্দন আছে যাকে আমি নির্মানবিক বলিনা
কিন্তু তবু
হে আমার থরথর থরথর থরথর করা
প্রথম দেখা ট্রাক
তুমি তোমার এইসকল ইন্দ্রিয়সমূহের বিরুদ্ধে
নির্মানবিক অভ্যুত্থান সম্পন্ন করে
একজন প্রধান সামরিক আইন প্রশাসকের মতো
ঠাণ্ডা মাথায়
নির্বিকার হত্যায় মেতে উঠলে।

লাশে লাশে থেমে গিয়েছিল তোমার চাকা
তরতাজা তরুণ মাংসের ভারে থেমে গিয়েছিল তোমার স্টিয়ারিং
কিমাকার অস্থিমজ্জা রক্তের ফুটপাতের উপর
পিছলে গিয়েছিলে তুমি কয়েকবার

ষাট মাইল বেগে এবং পেছন থেকে
পেছন থেকে এবং ষাট মাইল বেগে !



দ্রুত তেড়ে আসা ট্রাক
তুমি
আবেগের বশবর্তী না হোক
অন্তত: যান্ত্রিক কোন ভুলে
নেহায়েত কোন কলকব্জাজনিত অসুবিধায়
একবারও
একবারও তো
থামলে না !

তবে কি তুমি আমার সেই প্রথম দেখা ট্রাক নও
যার ধাতব পৌরুষের মধ্যে আমি আবিষ্কার করতাম
মানুষের ইন্দ্রিয় আঙুল ও স্পর্শ ?

দানবীয়তা ছিল তার গরগর ভাষার মধ্যে
কিন্তু তার স্বরযন্ত্রের মধ্যে আমি আবিষ্কার করতাম
একপ্রকার জিহবা ও ব্যাটারিচালিত আলজিভ
যার অতিকায় শরীরকে যর্থার্থ অর্থে কখনোই আমার
পাশবিক মনে হতো না
কারণ তার জন্ম মানুষের যুক্তিতে ও প্রজ্ঞায়
অধ্যবসায়ে ও নির্মাণশৈলিতে
অতএব জ্যামিতিক কৃৎকৌশলের মসৃণতা ছিল তার স্বভাবে
যেনবা বৃত্ত থেকে উৎপন্ন তার উর্দ্ধশ্বাস চতুস্পদ পা
আয়তক্ষেত্র থেকে স্বাস্থ্য ও শরীর
বিভিন্ন প্রকার সমদ্বিবাহু ত্রিভূজ বিপ্রতীপ কোণ
ও সোজা বাঁকা সরলরেখা থেকে উৎপন্ন স্বনির্ভর যৌবন

তুমি সুন্দর
মানবীয় প্রতিটি নির্মাণের প্রতি শ্রদ্ধায় আমি বলেছিলাম

তুমি সুন্দর

তোমার পিঠে সমস্ত বাংলাদেশ তুলে নিয়ে
দ্রুত টগবগিয়ে সুন্দর লালচে একটি গ্রহে যাবার
পরিকল্পনা ছিল আমার
কিন্তু তুমি
ষাট মাইল বেগে এবং পেছন থেকে
পেছন থেকে এবং ষাট মাইল বেগে

হে অদ্ভুত অচেনা বিদেশী থেকে আমদানী হয়ে আসা ট্রাক
আমার স্মৃতি থেকে
অন্তর্হিত হলে।

ট্রাক তুমি কার?
ট্রাক তুমি কার এবং কে?
ট্রাক তুমি কাদের এবং তুমি পেছন থেকে কেন?

অতীতের সব যুদ্ধই তো ছিল মুখোমুখি
আক্রমণ পরিচালিত হয়েছে সামনাসামনি
ট্রাক তুমি কোত্থেকে এবং এতো আকস্মিক কেন?
তবে কি মানুষের মিছিল তোমাকে অতিক্রম করে আসতে পেরেছে?
তোমাকে পেছনে ফেলে সত্যি সত্যিই এগিয়ে যাচ্ছে মিছিল?
সত্যিসত্যিই?
ট্রাক?
ইতিহাসের ময়লা বহনকারী
শেষতম পরিবহন সংস্থার ট্রাক?

তাহলে  কি এবারকার যুদ্ধ অন্যরকম?



তাহলে কি এবারকার যুদ্ধ শেষ যুদ্ধ?
ইতিহাস কি তাহলে এবার অন্যভাবে সশস্ত্র?
অতীতে তোমার আগে
মিছিলের মুখোমুখী হতে না পেরে উল্লম্ফন দিয়েছে অনেকে
বিক্ষুদ্ধ মানুষের ভয়ে মিছিলের মাথার ওপর দিয়ে
হাইজাম্প ..... সার্কাস
সেইসব নানানকিসিমের সার্কাসওয়ালাদের হরেক রকম সার্কাসকর্ম
খামোশ করে দিয়েছে এইসব মিছিল
গা বাঁচিয়ে পাশ কাটিয়ে যাবার নজির আছে বহু
মিছিলের লক্ষ লক্ষ হাত সাঁড়াশীর মতো
তাদের নাম নিশানা নিশ্চিহ্ন করে দিয়েছে
উজীর নাজীর রাজা–বাদশাহ ছোট জেনারেল বড় জেনারেল
ফিল্ডমার্শাল
এসেছে আর গিয়েছে
এই মিছিল অতিক্রম  করার তৌফিক তাদের হয়নি

হে সামরিক পোশাক পরিহিত
শাহনশা'র মতো ট্রাক
এই মিছিল
তোমার মতো বহুত শাহানশকে উলঙ্গ করে ছেড়েছে
তারপর প্রস্রাব করতে করতে
প্রস্রাব করতে করতে
প্রস্রাব করতে করতে...

সামরিক আইন প্রশাসকের দফতরগুলো
পরিণত হয়েছে মিউনিসিপালিটির
প্রস্রাবখানায়।

না আমি শোকগ্রস্ত নই
আমি শোকগ্রস্ত নই কারণ মিছিল অন্যরকম মোড় নিচ্ছে
আমি শোকমিছিলে যাব না কারণ এ মিছিল শোকমিছিল নয়
আমি কালব্যাজ পরব না কারণ সময় তার বুকপকেটে
দীর্ঘ লাল ব্যাজ ধারণ করেছে

এখন সময় অন্যরকম
এখন সময় অন্যভাবে সশস্ত্র

ষাট মাইল বেগে এবং পেছন থেকে
পেছন থেকে এবং ষাট মাইল বেগে !

তুমি যতোই চোরাগুপ্তা হামলা চালাও
মিছিল নিরন্তর এখন সামনের দিকে

মিছিল নিরন্তর সামনের দিকে
সব মিছিল এখন সামনের দিকে
আমাদের সব মিছিল সোজা সিধা সামনের দিকে
ক্যান্টনমেন্টের দিকে যাচ্ছে
দুনিয়ার তাবৎ সামরিক ঘাঁটিগুলোর দিকে এই
মিছিল–
অতএব হে ট্রাক
লেফটেনান্ট জেনারেল ট্রাক
প্রেসিডেন্ট ট্রাক
তোমার সঙ্গে
শেষবার সামনাসামনি
ফয়সালা হবে।